২০২৪

# বাংলা — সাম্মানিক

## পত্র : DSCC-1

## [ বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত) ]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) সমকালীন বাংলার সামাজিক জীবনযাপনের যে-ছবি চর্যাপদে প্রতিফলিত হয়েছে তার স্বরূপ আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কবি-পরিচয় সংক্রান্ত বিতর্কটি সংক্ষেপে আলোচনা করে বাংলা সাহিত্যের ইতিহাসে কাব্যটির গুরুত্ব বিচার করো। ৫+১০

২। (ক) বাংলা সাহিত্যে ভাগবতের প্রথম অনুবাদক কে? অনুবাদক এবং তার রচিত কাব্যের পরিচয় দাও। ১+৭+৭

*অথবা,*

(খ) বৈষ্ণব পদাবলি সাহিত্যে চণ্ডীদাসের কবিপ্রতিভার পরিমাপ করো। ১৫

৩। (ক) মঙ্গলকাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির কৃতিত্বের পরিচয় দাও। ৫+১০

*অথবা,*

(খ) ভারতচন্দ্রের সময়কাল লেখো এবং তাঁর কবি প্রতিভার মূল্যায়ন করো। ২+১৩

৪। (ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের খণ্ডগুলির নাম লেখো। ৫

*অথবা,*

(খ) চর্যাপদের ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো। ৫

৫। টীকা লেখো— ৫

(ক) কৃষ্ণদাস কবিরাজ

*অথবা,*

(খ) পরাগলী মহাভারত।

৬। (ক) ধর্মমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) শাক্ত কবি কমলাকান্তের কবিকৃতিত্ব নিরূপণ করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদের পুঁথি কোথা থেকে কবে আবিষ্কৃত হয়?

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রথম প্রকাশ কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(গ) কাশীরাম দাস কোন শতকের কবি?

(ঘ) রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল?

(ঙ) চণ্ডীদাসের ভাবশিষ্য কাকে বলা হয়?

(চ) 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে ছিলেন?

(ছ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম লেখো।

(জ) সৈয়দ আলাওল-এর লেখা কাব্যের নাম কী?

(ঝ) কৃত্তিবাস রচিত গ্রন্থের নাম কী?

(ঞ) 'ইউসুফ জোলেখা' কাব্যটির কবির নাম কী?

(ট) দৌলত কাজীর শ্রেষ্ঠ কাব্যের নাম লেখো।

(ঠ) বিদ্যাপতি কোন ভাষায় পদাবলি রচনা করেছেন?

(ড) শূন্যপুরাণ কার লেখা?

(ঢ) বৃন্দাবন দাসের কাব্যের নাম কী?

(ণ) গোবিন্দদাস কোন সময়ের কবি?

———

২০২৪

# বাংলা — সাম্মানিক

প্রথম সেমেস্টার

পত্র : SEC-1

(মুদ্রণ ও প্রকাশনা)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) একটি সার্থক পাণ্ডুলিপিতে কোন্ কোন্ বিষয়গুলি থাকা প্রয়োজন তা আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) একটি গ্রন্থের কভার ও টাইটেল পেজ সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করে তাদের গুরুত্ব সম্পর্কে লেখো। ১৫

২। (ক) বাংলা বানান সম্পর্কে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির যে-কোনো তিনটি নির্দেশ উদাহরণসহ আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) বাংলা বানানের বিবর্তনের ইতিহাসে রামমোহন রায়ের 'গৌড়ীয় ব্যাকরণ' ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বর্ণপরিচয়' গ্রন্থের ভূমিকা পর্যালোচনা করো। ১৫

৩। (ক) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে বিশদে আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) প্রশ্নপত্রের শেষ পৃষ্ঠায় আছে।

*অথবা,*

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো —

ব্যাকড়ণ, উচ্ছাস, ইতিমধ্যে, এহস্পর্শ, মুখমুখি, শিতাংসু, প্রত্যাগনম, কনিনীকা, বিসন্ন, স্বপার্জিত, কৃষিজিবী, দূর্নীতী, নিস্পত্তি, সতদল, মুদ্রনশিল্প। ১৫

৪। (ক) একটি বিশেষ বিষয়ে গল্পসংকলন কীভাবে তৈরি করা যেতে পারে সে সম্পর্কে তোমার ধারণা দাও। ৫

*অথবা,*

(খ) গ্রন্থ ও পত্রিকার পঞ্জীকরণ-এর গুরুত্ব সম্পর্কে লেখো। ৫

৫। (ক) বাংলা বানানে 'ন' ও 'ণ' ব্যবহারে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি নির্দেশিত নিয়মবিধি সম্পর্কে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বাংলা বানানে 'ই'-কার ও 'ঈ'-কার ব্যবহারে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি নির্দেশিত নিয়মবিধি আলোচনা করো। ৫

৬। (ক) মুদ্রণপ্রমাদ সংশোধনের (প্রুফ রিডিং) সময় যে-কোনো দুটি বিষয়ের প্রতি সতর্কতার প্রয়োজনীয়তা উদাহরণসহ বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) কবিতার প্রুফ সংশোধনের সময় কবিতার পঙ্‌ক্তি বিন্যাস এবং স্তবকবিন্যাস সংক্রান্ত নির্দেশগুলি দেওয়ার ক্ষেত্রে কোন কোন চিহ্নের ব্যবহার করা হয় উদাহরণসহ দেখাও। ৫

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো— গোলোন্দায, নিরীবীলি, আর্য্য, আমাবস্যা, কৌতুহল। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) গ্রন্থপঞ্জি শব্দটির ইংরেজি প্রতিশব্দ কী?

(খ) 'ক্ষ'-যুক্তাক্ষরটির মধ্যে কী কী বর্ণ আছে?

(গ) 'ব্লার্ব'-কাকে বলে?

(ঘ) ISBN-এর সম্পূর্ণ রূপটি লেখো।

(ঙ) বাংলা বানানে কখন 'কি' বা 'কী' ব্যবহার করা উচিত?

(চ) ১৯৩৫ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় যে বানান সমিতি গঠন করেছিল, তার সভাপতি কে ছিলেন?

(ছ) প্রুফ সংশোধনের সময় কোনো শব্দকে মোটা (Bold) করতে গেলে কী করতে হয়?

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো— সমিচিনতা।

(জ) প্রুফ সংশোধনে '⊖' চিহ্নটি কী বোঝাতে ব্যবহার করা হয়?

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো— অন্বেষন।

(ঝ) নির্ঘণ্ট কাকে বলে?

(ঞ) 'চলন্তিকা' কী জাতীয় গ্রন্থ?

(ট) প্রথম সচিত্র বাংলা মুদ্রিত বই কোনটি?

(ঠ) শব্দের শুরুতে বা শেষে বিদেশি প্রত্যয় বা উপসর্গ থাকলে মূলের 'র' বজায় থাকে, 'রেফ্' হয় না— একটি উদাহরণ দাও।

(ড) পত্রিকাগ্রাহক বলতে কী বোঝায়?

(ঢ) CTP কোন্ শব্দের সংক্ষিপ্ত রূপ?

(ণ) 'নিমন্ত্রণ' শব্দের 'ন্ত্র'-যুক্তাক্ষরটি বিশ্লিষ্ট করো।

---

অথবা,

৩ (খ) প্রশ্নের উত্তর প্রশ্নপত্রের এই পৃষ্ঠার উপরেই করতে হবে এবং উত্তরপত্রের শেষে সংযুক্ত করে দিতে হবে।

রোল নং—

রেজিস্ট্রেশন নং—

৩। (খ) প্রুফ সংশোধন করো। ১৫

মূল কপি

শিল্পবস্তু কাকে বলে?

শিল্প হল কল্পনা। রেখায় রঙে রূপে রসানুভূতির প্রকাশ। রসের উদ্রেক করাতেই তার সার্থকতা। প্রকাশের জন্য করণকৌশলের প্রয়োজন আছে; সে হল উপায়, উদ্দেশ্য নয়; করণকৌশলের জ্ঞান শিল্পের প্রেরণাও নয়। শিল্পীর কাজে রসেরই প্রেরণায় রূপের একটি প্রাণময় ছন্দ সৃজিত হয় এবং বিশেষ রূপের বিশেষ ছন্দ বিশ্বব্যাপী প্রাণের ছন্দে মিলিত ও সমন্বিত হয়।

প্রুফ কপি

শিল্পবস্তু কাকে বলে? শিল্প হল কল্পনা— রেখায় রূপে রসানুভূতির প্রকাশ। রসের উদ্রেগ করতেই তাঁর স্বার্থকতা। প্রকাসের জন্য করণকৌশলের প্রয়োজন আছে। সে হল উপায়, উদ্দেশ নয়; করণকৌশলের জ্ঞান সিল্পের প্রেরণা নয়।

শিল্পীর কাজে বসেরই প্রেরণায় রূপের একটি প্রাণময় চন্দ সৃজীত হয় এবং বিশেষ রূপের ছন্দ বিশ্বব্যাপী প্রাণের ছন্দে মিলিত ও সমম্বিত হয়